

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 শিক্ষা মন্ত্রণালয়  
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
 বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উন্নাবন শাখা



এ.পি.এ. টিমের ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	১৫ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০.০০ মিনিট
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ০৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত এ.পি.এ. টিমের ৪৩ সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে এ.পি.এ. টিমের ১২ টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। আজকের সভাসহ মোট ০৫টি সভার আয়োজন করা হয়েছে। করোনা মহামারীর কারণে জুলাই মাসের সভাটি আয়োজন করা সম্ভব হয়নি। পরবর্তীতে যে কোন এক মাসে দু'টি সভা আয়োজন করতে হবে। তিনি আরো বলেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ নভেম্বর'২০২০ মাস পর্যন্ত এ.পি.এ.'র কোন কার্যক্রমে পিছিয়ে নেই। সভাপতি এ বিভাগের ওয়েবসাইটে সকল তথ্য হালনাগাদ আছে কিনা এ বিষয়ে আইসিটি অধিশাখার প্রোগ্রামারের দৃষ্টি আকর্ষন করেন। প্রোগ্রামার জানান যে, অধিশাখা/শাখা হতে কোন তথ্য আসা মাত্রই ওয়েবসাইটে তাৎক্ষনিক আপলোড করা হয়। তবে অধিশাখা/শাখা হতে অনেক সময় তথ্য না পাওয়ায় হালনাগাদ করা সম্ভব হয় না। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, সকল তথ্য হালনাগাদ করার জন্য অনুবিভাগ/অধিশাখা/শাখাকে পত্র দেয়া যেতে পারে। অনুবিভাগ/অধিশাখা/শাখা তাদের কার্যক্রমের সংশ্লিষ্ট তথ্য হালনাগাদ করে আইসিটি শাখায় প্রেরণ করবে এবং ওয়েবসাইটে তথ্য আপলোড নিশ্চিত করে বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উন্নাবন শাখাকে অবহিত করবে। পরবর্তীতে ডিসেম্বর'২০২০ মাসের **Activity Execution Calender** অনুযায়ী এ.পি.এ. কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

### ৩. সিদ্ধান্তসমূহ:

৩.১	জানুয়ারি-জুলাই'২০২১ এর মধ্যে যে কোন এক মাসে এ.পি.এ. টিমের দু'টি সভা আয়োজন করতে হবে;
৩.২	অনুবিভাগ/অধিশাখা/শাখা তাদের কার্যক্রমের সংশ্লিষ্ট তথ্য হালনাগাদ করে আইসিটি শাখায় প্রেরণ এবং ওয়েবসাইটে তথ্য আপলোড নিশ্চিত করে বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উন্নাবন শাখাকে অবহিত করবে;
৩.৩	ডিসেম্বর'২০২০ মাসের <b>Activity Execution Calender</b> অনুযায়ী এ.পি.এ. কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.১৫১

তারিখ: ৬ পৌষ ১৪২৭

২১ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যোতিতার ক্রমানুসারে নথি) :

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) উপসচিব, এস.ডি.জি. শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোঃ ফজলুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)